

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৬০-আইন/২০২১/১৫৭-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত-

(ক) শিরনামা সংখ্যা S০৩৬ ও সেবার কোড S০৩৬.০০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৩৬ S০৩৬.০০ শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, নৌযান ও রেলওয়ে সার্ভিস:”;

(খ) শিরনামা সংখ্যা S০৩৬ ও সেবার কোড S০৩৬.২০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল নৌযান সার্ভিস:

ব্যাখ্যা।- “শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল নৌযান সার্ভিস” অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা স্টীমার বা ক্রুজ জাহাজ সার্ভিস বা অন্য যে কোনো ধরনের নৌযান এর মাধ্যমে যাত্রী পরিবহন ব্যবসায় নিয়োজিত।”;

(গ) শিরনামা সংখ্যা S০৫৬ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ডিসমূহের পর নিম্নরূপ নূতন সেবার কোড ও এন্ডিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“S০৫৬ S০৫৬.১০ মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী:

ব্যাখ্যা।- “মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী” অর্থ এমন নিবন্ধিত সেবা প্রদানকারী যিনি বা যাহারা Bangladesh Mobile Financial Services (MFS) Regulations, 2018 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে Mobile Financial Services (MFS) প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্সপ্রাপ্ত হইয়াছেন কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে এতদসংক্রান্ত সেবা প্রদানের লক্ষ্যে যথাযথ অনুমোদনপ্রাপ্ত হইয়াছেন।”;

(ঘ) শিরনামা সংখ্যা S০৯৯ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৯৯.১০ তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services):

ব্যাখ্যা।- “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)” অর্থ Digital Content Development and Management, Animation (Both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Software Development and Customization, Website Development and Services, Website Hosting, Digital Data Analytics, Business Process Outsourcing, Data Entry, Data Processing, Call Centre, Digital Graphics Design and Computer Aided Design, Search Engine Optimization, Web Listing, Document Conversion, Imaging and Archiving, Overseas Medical Transcription, Cyber Security Services, E-learning, E-book, E-Procurement and E-Auction.

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মুসক নীতি)